

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
পলাশ, নরসিংদী।

পলাশ উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির জুলাই/২০২৩ মাসের সভার কার্যবিবরণীঃ


সভাপতি : সেলিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
তারিখ : ২৫/০৭/২০২৩ খ্রিঃ
সময় : বেলা ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতি ক্রমে তা গৃহীত হয়। অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। নারী ও শিশু নির্যাতন এবং বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্তঃ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মে ও জুন/ ২০২৩ মাসে পলাশ উপজেলায় নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। পূর্বের কোন অভিযোগ অনিষ্পন্ন নেই। তাছাড়া উল্লেখিত সময়ে বাল্যবিবাহেরও কোন প্রকার অভিযোগ পাওয়া যায় নাই।	নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির এবং বাল্যবিবাহের খবর পাওয়া মাত্রই উপজেলা প্রশাসনের সহযোগিতায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তা বন্ধের ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। ২। ইউপি চেয়ারম্যান/ মেয়র (সকল), পলাশ, নরসিংদী।
২। সচেতনতামূলক কার্যক্রমঃ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় যথাযথ স্বাস্থ্যবিধি বজায় রেখে নারী ও শিশু নির্যাতন, ইভটিজিং, বাল্যবিবাহ, অটিজম, নারী ও শিশু পাচার সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে নিয়মিতভাবে উঠান বৈঠক করা হচ্ছে।	যথাযথ স্বাস্থ্যবিধি বজায় রেখে নারী ও শিশু নির্যাতন, ইভটিজিং, বাল্যবিবাহ, অটিজম, নারী ও শিশু পাচার সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে নিয়মিতভাবে উঠান বৈঠক অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানান।	১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী।
৩। সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রমঃ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি যেমন- ভিডলিউবি, মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে।	সকল কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন ও তদারকিতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।	১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী।
৪। প্রশিক্ষণ কার্যক্রমঃ	১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। যা সুষ্ঠুভাবে প্রশিক্ষণ কার্যক্রম চলছে। আইজিএ প্রকল্পের আওতায় মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের ০২টি ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম প্রকল্পের সদর কার্যালয়, ঢাকার নির্দেশনা অনুযায়ী এপ্রিল/২৩ মাস হতে বন্ধ রয়েছে। প্রকল্পের নির্দেশনা অনুযায়ী পরবর্তীতে প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হবে।	সুষ্ঠুভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার বিষয়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৫। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রমঃ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী।
৬। অন্যান্য	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পলাশ জানান, দপ্তরের অন্যান্য নিয়মিত কাজ সুষ্ঠুভাবে চলছে।	দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সেলিনা আক্তার)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি
পলাশ, নরসিংদী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়


পলাশ, নরসিংদী।

স্মারক নং-৩২.০১.৬৮৬৩.০০১.০৬.০১৮.১৩- ১৫২,

তারিখঃ ২৫/০৭/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী।
- ০৩। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী।
- ০৪। চেয়ারম্যান চরসিন্দুর/গজারিয়া/জিনারদী/ডাঙ্গা ইউনিয়ন পরিষদ (সকল)।
- ০৫। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পলাশ, নরসিংদী।
- ০৬। অফিস কপি।


(শর্মিলা সাঈদ মৌরী)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

পলাশ, নরসিংদী।

ই-মেইলঃ uwaopalash@gmail.com